# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৪২১

তারিখ ২৮ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬১১ তম কমিশন সভা অদ্য ১২/০৯/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. ঢাকা ফিশারিজ লিঃ (ইস্যুয়ার) তাদের ৩০ জুন ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12(3A) এর লঙ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখ September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, ঢাকা ফিশারিজ লিঃ এর প্রত্যেক পরিচালককে ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. ইন্ডিকেট সিকিউরিটিজ কনসালটেন্টস লিমিটেড (DSE TREC No.154) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A(1), (2) এবং 3(1A) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ ও দ্বিতীয় তফসিলের আচরন বিধি ১ ও ৬ ভঙ্গ করেছে। গ্রাহকদেরকে ঋণ চুক্তি ছাড়া ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(1) ও (2) লঙ্ঘন করেছে। একজন পরিচালককে ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/31 তারিখ March 23, 2010 এর লঙ্ঘন করেছে। এছাড়া ইন্ডিকেট সিকিউরিটিজ কনসালটেন্টস লিমিটেড গ্রাহকের নিকট থেকে ৫ লক্ষ টাকার অতিরিক্ত নগদ গ্রহণের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, তারিখ September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, ইন্ডিকেট সিকিউরিটিজ কনসালটেন্টস লিমিটেড কে ০৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড (DSE TREC No.90) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) এবং (2) ভঙ্গ করেছে। অনুমোদিত প্রতিনিধিদের নামে বিও হিসাব খুলে Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এর Regulation 14(3)(1V) ও সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ৪(২) (৪) এর Deed of Agreement এর Clause 5 ভঙ্গ করেছে। কর্মচারী ও তাদের আত্মীয়দের নামে ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/31 তারিখ March 23, 2010 এর লঙ্ঘন করেছে। নগদ হিসাবে ঋণ প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3(1) এবং Z Category শেয়ারে ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/169, তারিখ October 01, 2009 ভঙ্গ করেছে। Consolidated Customer Account থেকে ব্যবস্থাপনা পরিচালক অর্থ উত্তোলন করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড কে ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. আজম সিকিউরিটজ লিমিটেড (DSE TREC No.19) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) ভঙ্গ করেছে। অনুমোদিত প্রতিনিধিদের নামে বিও হিসাব খুলে Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013, ও সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ৪(২) (৪) এর Deed of Agreement এর Clause 5 ভঙ্গ করেছে। পরিচালক ও তাদের আত্মীয়দের হিসাবে ঋণ প্রদানের

মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/31, তারিখ March 23, 2010 এর লঙ্ঘন করেছে। নগদ হিসাবে ঋণ প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3(1) ও (2) ভঙ্গ করেছে। Z Category Securities এ ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRC/2001-43/169, তারিখ October 01, 2009 ভঙ্গ করেছে। এছাড়াও ৫ লক্ষ টাকার বেশি নগদ গ্রহণ করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন সভায় আজম সিকিউরিটিজ লিমিটেড - কে ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. সায়া সিকিউরিটিজ লিমিটেড (CSE TREC No.10) তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) ভঙ্গ করেছে। ৩১শে ডিসেম্বর, ২০১৫ বৎসরের আর্থিক বিবরণীতে মিথ্যা তথ্য প্রদান করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে। নগদ হিসাবে ঋণ প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3(2) ভঙ্গ করেছে। এছাড়াও Z Category Securities এ ঋণ প্রদান করে কমিশনের আদেশ নং No. SEC/SRMID/94-231/1640 তারিখ January 31, 2008 ভঙ্গ করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, সায়া সিকিউরিটিজ লিমিটেড - কে ০৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. আইসিবি এএমসিএল ফার্ষ্ট এনআরবি মিউচ্যুয়াল ফান্ড এর ট্রাস্টির আবেদনের প্রেক্ষিতে কমিশন অদ্যকার সভায় এর চূড়ান্ত অবলুপ্তির জন্য ফান্ডের দাখিলকৃত সর্বশেষ রিপোর্ট অনুযায়ী নীট সম্পদ মূল্য (NAV) অনুমোদন করেছে। সর্বশেষ রিপোর্ট অনুযায়ী ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য ২৪.৬৪ টাকা ধার্য হয়েছে, যা ইউনিট হোল্ডারগণের মধ্যে বন্টন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. জেনিথ অ্যানুয়াল ইনকাম ফান্ড এর প্রসপেক্টাস কমিশন আজকের সভায় অনুমোদন করেছে। মিউচ্যুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা ১০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ০২ (দুই) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ০৮ (আট) কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। এ বে-মেয়াদী ফান্ডটি নিয়মিত বিনিয়োগ পরিকল্পনার (Systematic Investment Plan) আওতায় বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয় করতে পারবে। ফান্ডটির উদ্যেক্তা ও সম্পদ ব্যবস্থাপক জেনিথ ইনভেষ্টমেন্ট লিমিটেড। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

৮. ফিনিক্স ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর ২০০ কোটি টাকার Non-Convertible Redeemable Floating Coupon Bearing Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে সাত বছর । এর বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible, unsecured, unlisted, floating rated, coupon bearing bubordinated bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে । শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদশালী (high net worth) বিনিয়োগকারীরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে ফিনিক্স ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। Non-Convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫০ লক্ষ টাকা । এই বন্ডের ট্রাষ্টি হিসাবে কাজ করছে ইবিএল ইনভেষ্টমেন্ট লিমিটেড।

৯. কমিশনের অদ্যকার সভায় তালিকাভুক্ত কোম্পানী প্যাসিফিক ডেনিমস লিমিটেড এর প্রাথমিক গণ প্রস্তাব হতে উত্তোলিত অর্থ কোম্পানীর প্রসপেকটাসে বর্ণনামত ব্যবহার হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখার জন্য বিশেষ নিরীক্ষক (Special Auditor) নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছে। মূলতঃ কোম্পানীর প্রাথমিক গণ প্রস্তাব হতে উত্তোলিত অর্থ ব্যবহারের ক্ষেত্রে কিছু অস্বাভাবিকতা পরিলক্ষিত হওয়ায় এই বিশেষ নিরীক্ষক নিয়োগের সিদ্ধান্ত হয়েছে।

১০. সভায় Aman Cotton Fibrous Limited -কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের অনুমোদন প্রদান করা হয়েছে। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ৮০ কোটি টাকা মূলধন সংগ্রহ করবে এবং উক্ত অর্থ কোম্পানীর নতুন মেশিন ক্রয় ও স্থাপন করা, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৬ তারিখে

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী স্থায়ী সম্পত্তির পুনর্মূল্যায়নসহ নীট সম্পদ মূল্য (NAV) ৩৫.৬৩ টাকা এবং বিগত ৫টি আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ভারিত গড় হারে (Weighted average EPS) ৩.৪৯ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড।

Rahman
২২/০৯/২০১৭
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।